Melissa Aviles-Ramos
Chancellor

31 ডিসেম্বর, 2025

প্রিয় পরিবারবর্গ,

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ প্রায় দুই দশক ধরে আমার বাড়ির মতো। এটি এমন একটি স্থান যেখানে আমি আমার পেশাদারী লক্ষ্য খুঁজে পেয়েছি, যেখানে আমি আমার স্কুল-বয়সী কন্যাকে এনরোল করেছি, এবং যেখানে আপনাদের চ্যান্সেলর হিসেবে আমি অনেক সুযোগ-সুবিধা এবং সম্মান লাভ করেছি।।

যখন আমি আমার এই ভূমিকা নিয়ে ভাবি, আমি গর্ব এবং কৃতজ্ঞতায় দারুণভাবে পরিপূর্ণ হয়ে উঠি। আমি একজন NYCPS পিতামাতা হিসেবে গর্বিত—এটি দেখে যে আমার নিজের কন্যা আমাদের ক্লাসরুমগুলিতে তার সর্বোচ্চ সম্ভাবনার শিখরে উঠছে। আমি আমার নিবেদিত সহকর্মীদের সাথে কাজ করে গর্ব বোধ করি—যারা তাদের অনন্যসাধারণ পেশাগত পারদর্শিতা নিয়ে আমাদের তরুণদের সেবা প্রদান করছেন। এবং আমি অসাধারণ সব পরিবার এবং কমিউনিটিকে নানান অর্থবহ অংশীদারিত্ব ও পদক্ষেপের মাধ্যমে ক্ষমতায়িত করেছি ।

একজন প্রথম পোর্টো রিকান নারী হিসেবে জাতির সর্বোবৃহৎ স্কুল ব্যবস্থার নেতৃত্ব দিতে আমি আমার সর্বতো চেষ্টা করেছি এই ব্যবস্থাটিকে আমাদের প্রায় এক মিলিয়ন শিক্ষার্থী এবং তাদের পরিবারগুলির সেবায় কর্মক্ষম করে তুলতে। পিতামাতাদেরকে আমাদের পরিবার সংযোগকারী মডেলের মাধ্যমে সহায়তাদান থেকে সাক্ষরতা শিক্ষানির্দেশনাকে NYC রিডস্ দিয়ে নতুন রূপ দিতে আমরা যেসব পরিবর্তন এনেছি, সেগুলি যুক্ত হয়েছে। একযোগে, তারা আমাদের স্কুল ব্যবস্থাকে পরিবর্তন করছে, এটিকে আরও শক্তিশালী, আরও কার্যকর করছে, এবং অধিক সমতা আনছে।

এই কাজ এখনও শেষ হয়নি, কিন্তু আমি আত্মবিশ্বাসী যে, নানান মতামত, পরামর্শ, এবং আমাদের তরুণদের মেধা ও আমাদের পরিবারগুলো উজ্জ্বলতা ধরে রাখবে। এটি শুধু আমার অথবা কোনো একজনের একক নেতৃত্বে নয়, বরং আমাদের কমিউনিটিগুলির মিলিত প্রচেষ্টার মাধ্যমে, আমরা প্রত্যেক শিক্ষার্থীর জন্য উচ্চ-মানসম্পন্ন শিক্ষার প্রতিশ্রুতি পূরণ করবো। এই দূরদর্শিতা—এমন একটি বিষয় যেখানে শিক্ষার্থীরা শারীরিক এবং আবেগগতভাবে নিরাপদ, যেখানে তারা কঠোরতা ও সাফল্য—উভয়টিই পাবে, এবং সেখানে তারা গ্র্যাজুয়েট হবার জন্য প্রস্তুত হবে এবং এমন একটি জগতের মুখোমুখী হবে, যার জন্য যুদ্ধ করা অর্থবহ।

আমি মেয়র অ্যাডামস্-এর প্রতি গভীরভাবে কৃতজ্ঞ আমাকে এখানে পদায়নের জন্য, এবং আমি আমাদের সিটিকে নেতৃত্বদানের প্রস্তুতি গ্রহণকালে চিন্তাশীল বিবেচনা প্রয়োগের জন্য নব-নির্বাচিত মেয়র মামদানীকে ধন্যবাদ জানাচ্ছি। আমি ডিস্ট্রিক্ট 3-এর বর্তমান সুপারিনটেনডেন্ট কামার স্যামুয়েলস্ (Kamar Samuels)-কেও অভিনন্দন জানাই, যিনি 1 জানুয়ারি, 2026 তারিখে চ্যান্সেলরের পদে যোগ দেবেন। একটি মসৃণ নেতৃত্ব হস্তান্তর নিশ্চিত করতে আমি প্রতিশ্রুতিবদ্ধ, এবং আমি একজন পাবলিক স্কুল শিক্ষার্থীর পিতামাতা হিসেবে আগামীতে তার এবং তার টিমের সঙ্গে আমার সাধ্য অনুযায়ী সংশ্লিষ্ট হবার প্রত্যাশা করছি।

আমাদের পুরো কমিউনিটির প্রতি জানাচ্ছি: ধন্যবাদ। আমি আপনার সাফল্য কামনা করছি এবং NYCPS পরিবারের একটি অংশ হিসেবে গর্বিত বোধ করছি।

গভীর শ্রদ্ধাভরে,



মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)
চ্যান্সেলর